ভোরের কাগজ

তারিখ JUL 11 1999
পৃষ্ঠা ৪২ কলাম ৩

68

# নাবালিকা ছাত্রী ধর্ষণকারী মাদ্রাসা শিক্ষক আটক পুলিশে সোপর্দ

বাগেরহাট প্রতিনিধি : নাবালিকা ছাত্রী ধর্ষণকারী লম্পট মাদ্রাসা শিক্ষক তানভীর হোসেন, অবশেষে ধরা পড়েছে। গত শুক্রবার মংলা থানার চাঁদপাই এলাকার জনতা তাকে আটক করে পুলিশে সোপর্দ করে।

অভিযোগে জানা যায়, চাঁদপাই মেছের শাহ দাখিল মাদ্রাসার ঐ শিক্ষক গত ২১ জুন বিকালে ঐ মাদ্রাসারই ৫ম শ্রেণীর এক ছাত্রীকে একা পেয়ে অফিস কক্ষে ধর্ষণ করে। ১২ বছর বয়স্কা ঐ ছাত্রীটি পরীক্ষার খাতার রোল নম্বর সংশোধন করিয়ে নেওয়ার জন্য মাদ্রাসা ছুটির পর ঐ শিক্ষকের কাছে গিয়েছিল। ধর্ষণের ঘটনা কাউকে জানালে পরীক্ষায় ফেল করানো হবে বলে লম্পট শিক্ষক ঐ ছাত্রীকে হুমকি দেয়।

ঘটনাটি জানাজানি হলে এলাকায় উত্তেজনার সৃষ্টি হয়। মাদ্রাসা সুপার হুমায়ুন কবির ধর্ষণকারীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেওয়া হবে বলে এলাকাবাসীকে আশ্বাস দেন। এ সময় ধর্ষণকারী শিক্ষক তানভীর হোসেন পালিয়ে যায়।